১০।

দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ......

জা'নগর বিশ্ববিদ্যালয়

# প্রশ্নপত্র ফাঁস ঃ জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ অনিশ্চিত

হারুণ রশীদ ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণীর গণিত বিষয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া অনিশ্চিত হয়ে পড়েছে; বিশেষ করে গণিত বিভাগের (৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ).

## প্রশ্নপত্র ফাঁস

(প্রথম পৃষ্ঠার পর)

অভিযুক্ত শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে কেন অবৈধ ঘোষণা করা হবে না এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে হাইকোর্ট থেকে একটি উকিল নোটিশ পাঠানোর ব্যাপারটি আরও জটিল হয়ে পড়ে।

উল্লেখ্য গত ১৩ মে বিশ্ববিদ্যালয়ের গণিত বিষয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে পড়লে এ বিষয়ে ৪ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি সুষ্ঠু তদন্ত শেষে ২ জন শিক্ষক, ৯ জন ছাত্র এবং একজন কর্মচারীকে প্রশ্নপত্র ফাঁসের জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দায়ী করে উপাচার্য প্রফেসর আমীরুল ইসলাম চৌধুরীর কাছে রিপোর্ট পেশ করেন। উপাচার্য সিন্ডিকেটের সঙ্গে পরামর্শ সাপেক্ষে অভিযুক্ত ব্যক্তিদের সম্পর্কে ব্যবস্থা নিতে যাবেন ঠিক সেই সময়ে অভিযুক্ত শিক্ষক মকবুল হোসেন তদন্ত কমিটিকে চ্যালেঞ্জ করে উক্ত উকিল নোটিশ পাঠান। ফলে আইনগত জটিলতার জন্য উপাচার্য অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারছেন না। এদিকে অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে বিলম্ব হওয়ায় ক্যাম্পাসে ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট মহলে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে।